This Question paper consists of 15 questions and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 15 টি প্রশ্ন এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**Roll No.** | | | | | | | | | | | | |
রোল নং

**Code No. 69/S/A/B**
কোড নং

**Set / সেট - A**

# BANGALI
# (বাংলা)
# (203)

**Day and Date of Examination** ____________________
(পরীক্ষার দিন ও তারিখ)

**Signature of Invigilators** 1. ____________________
(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)

2. ____________________

---

**সাধারণ নির্দেশাবলী :**

**1** সমস্ত প্রশ্নের উত্তর আপনাকে উত্তর পুস্তিকাতে লিখতে হইবে যা আপনাকে উত্তর পুস্তিকাতে দেওয়া আছে।।

**2** প্রশ্নপত্র পড়ার জন্য 15 মিনিট সময় নির্ধারিত আছে। আপনাকে প্রশ্নপত্র 02.15 মিনিটে দেওয়া হবে। 02.15 থেকে 02.30 মিনিট শুধুমাত্র প্রশ্নপত্র পড়িতে পারিবেন এবং এই সময়ের মধ্যে কোনো উত্তর উত্তরপত্রে লিখিবেন না।

**3** পরিক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

**4** প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সংগে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।

**5** বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D) - এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশ করুন।

**6** সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।

**7** নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।

**8** উত্তর-পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার Code No. **69/S/A/B-A** লিখুন।

# BANGALI

# (বাংলা)

# (203)

সময় ঃ **3** ঘন্টা] [পুর্ণমান ঃ **100**

নির্দেশ ঃ (i) সমগ্র প্রশ্নপত্রটি তিন বিভাগে বিভক্ত।

(ii) এখানে মোট **15** টি প্রশ্ন রয়েছে।

(iii) সব প্রশ্ন বাধ্যতামূলক।

(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

(v) প্রশ্ন সংখ্যা **1** থেকে **9** - এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য **1** নম্বর ধার্য করা হয়েছে। এগুলি মূলত এক শব্দ বিশিষ্ট প্রশ্ন। সত্য, মিথ্যা, ছক মেলানো, শূন্য স্থান পূরণ জাতীয়।

(vi) বিভাগ 'গ' - এ **2, 4, 6** নম্বরের প্রশ্ন আছে। **14** নং এবং **15** নং প্রশ্নের মান **(6)**।

## বিভাগ - 'ক'

**1** পাঠ্যক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সাথে সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন। **1×5=5**

| প্রথম তালিকা | | ôÆ–ýß –ýõé¢ ˆ ýö | |
|---|---|---|---|
| (a) | কান্ডারী হুশিয়ার | (i) | সন্ধে হলে মনে পড়ছে, রাতের বেলায় মনে পড়ছে। |
| (b) | জন্মভূমি আজ | (ii) | এসেছে নতুন শিশু তাকে ছেড়ে দিতে হবে স্থান |
| (c) | ছাড়পত্র | (iii) | তাদের নাকের কাছে ধরে দিও/ফুলের একটি গন্ধ |
| (d) | দাঁড়াও | (iv) | তুমি মানুষের হাত ধরো, সে কিছু/বলতে চায়। |
| (e) | শুধু ভাঙা নয় | (v) | আজি পরীক্ষা, জাতির অথবা জাতের করিবে ত্রাণ |

2 নিম্নোক্ত মন্তব্যগুলির মধ্যে কোনটি সত্য খুজে বের করুন। একই সাথে মিথ্যে মন্তব্যটিও চিহ্নিত করুন। 1×5=5

(ক) সব ভাষারই একটি মান্য উপভাষা থাকে বলা ও লেখার জন্য। 1

(খ) বাংলা বর্ণমালাতে ১১ টি স্বরবর্ণ আছে। 1

(গ) 'ঊ' বর্ণটি 'ও + উ' বর্ণের মিলিত উচ্চারণ। 1

(ঘ) 'এ', 'ও', 'তে' - হল অনুসর্গের উদাহরণ 1

(ঙ) বর্ণের লিখিত রূপ ধ্বনি 1

3 নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করুন। (যেকোন 11 টি) 1×11=11

(ক) ক্যামিল তার বাবাকে মালি রাখতে বলেছিল। 1

(খ) 'আমরা চাষ করি আনন্দে' - এটি শোনপাংশুদের গান 1

(গ) "আমরা শুধু হিন্দু ও মুসলমান নই আমরা মানুষ"-এটি ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধের অংশ বিশেষ। 1

(ঘ) হিন্দি রেকর্ডটি বন্ধ হয়ে গিয়েছিল। 1

(ঙ) 'ছোয়াঁছুয়িঁ মন্ত্রতন্ত্র' এর মূল নাটকের নাম রথের রশি। 1

(চ) 'মিলনের কথা' প্রবন্ধটির রচয়িতা কাজী আবদুল ওজুদ। 1

(ছ) 'চোটি' একটি নদীর নাম অনুসারে দেওয়া। 1

(জ) 'লোহার কাজ করি বইকি খুব করি'-বক্তা প্রথম শোনপাংশু। 1

(ঝ) পিয়েরের বাসটি ছিল প্যারিস শহরের থেকে অনেক অনেক দূরে। 1

(ঞ) 'এপথ গেছে কোনখানে গো কোনখানে'- গানটি পএওক গেয়েছে। 1

(ট) নাট্যরূপে মোট দুইজন শোনপাংশুর কথা বলা হয়েছে। 1

4 প্রথম বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দ ভান্ডারের থেকে যেকোন একটি শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করুন। 1×5=5

(ক) 'একবার মাটির দিকে তাকাও/একবার________ দিকে' 1
(পথের/মানুষের/পৃথিবীর/ধরণীর)

(খ) অঙ্গ বঙ্গ________সমুদ্র নদীর ঘাটে ঘাটে। 1
(কলিঙ্গের/ উড়িষ্যার/পাঞ্জাবের/গুজরাটের)

(গ) 'এসেছে নতুন________তাকে ছেড়ে দিতে হবে স্থান' 1
(মানুষ / পৃথিবী /শিশু/জনসাধারণ)

(ঘ) 'এ________ভারী দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার' 1
(তুফান/ ঝড়/প্রলয়/বাতাস)

(ঙ) 'তবু যদি দুএকটি করেও পাঁপড়ি খুলে যায়'-খুলে যায় এর অর্থ________ 1
লোকের (খুলে পড়ে যায়/খসে যায়/বিকশিত হয়/পাখা মেলে ধরে)

5 নীচের মন্তব্যগুলি ক্রমানুসারে সাজান। প্রতিটি মন্তব্য 'চোটি মুন্ডা এবং তার তীর' থেকে গৃহীত। 1×4=4

(ক) চোটি বলেছিল তীর ছোঁড়া হা-মরদ। গুলি ছোঁড়া না মরদ। 1

(খ) ওরা চোটি নদীর তীরে ঘর বাঁধল। 1

(গ) লোকটির নাম চোটি মুন্ডা। 1

(ঘ) পুর্তিমুন্ডা খুবই হতভাগ্য। 1

**বিভাগ - 'খ'**

6 সঠিক উত্তর বেছে নিয়ে নিচের তথ্যগুলি পূরণ করুন। 1×5=5

(ক) 'ছাড়পত্র' কথাটির অর্থ কি ? 1

(i) অনুমতিপত্র (ii) অধিকারপত্র

(iii) ছেড়ে দেওয়া চিঠি (iv) ছিঁড়ে যাওয়া পত্র

(খ) মদমত্ত হাতির উল্লেখ আছে কোন কবিতায়? 1

(i) দাঁড়াও (ii) ছাড়পত্র

(iii) কান্ডারী হুশিয়ার (iv) শুধু ভাঙা নয়

(গ) 'তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও'- এখানে মানুষ শব্দটি কি অর্থে ব্যবহৃত হয়েছে ? 1

(i) ধনী (ii) সহৃদয়

(iii) গরীব (iv) সাহসী

(ঘ) 'এসেছে সাম্রাজ্যলোভী পাঠানের দল'-পাঠানের পরে কারা এসেছে ? 1

(i) সুলতানী (ii) ইংরেজ

(iii) মোঘল (iv) ফরাসী

(ঙ) 'কান্ডারী হুশিয়ার' কবিতায় 'তিমির রাত্রি' কথাটির অর্থ কী ? 1

(i) ঝড়ের রাত্রি (ii) অন্ধকার রাত্রি

(iii) বর্ষণের রাত্রি (iv) তারা ভরা রাত্রি

(চ) 'জন্মভূমি আজ' কবিতাটিতে মাথার উপরে কি আছে ? 1

(i) কালো আকাশ (ii) নীল আকাশ

(iii) বোমারু বিমান (iv) ছাদ

7 যুক্তি ও মন্তব্য শুদ্ধ কিনা বিচার করুন: 1×5=5

(ক) যুক্তি- খেসারি ডাল পঞ্চকরা বাড়িতে ঢোকায় না। 1

মন্তব্য- খেসারি ডাল খেলে অচলায়তনে সবাই অশুচি হয়ে যায়।

(i) যুক্তি শুদ্ধ ও মন্তব্য অশুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য অশুদ্ধ

(খ) যুক্তি- প্রথম বিশ্বযুদ্ধে পিয়েরকে যুদ্ধে যেতে হয়েছিল। 1

মন্তব্য- ঐ সব দেশে যুদ্ধ লাগলে সাধারণ মানুষ, যুবকদের যুদ্ধে যোগদান করতে হয়, এটাই নিয়ম।

(i) যুক্তি শুদ্ধ ও মন্তব্য শুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য অশুদ্ধ

(গ) যুক্তি- কথাবার্তা ও হাসিতামাসার মধ্য দিয়েও কাজের কথা বলা যায়। 1

মন্তব্য- 'ছোঁয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র' নাট্যাংশই তার প্রমাণ।

(i) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (iv) মন্তব্য শুদ্ধ

(ঘ) যুক্তি- "আমরা হিন্দু ও মুসলমান নই, আমরা মানুষ"। 1

মন্তব্য- 'মিলনের কথা' প্রবন্ধে সাম্প্রদায়িক ঐক্যই প্রকাশ পেয়েছে

(i) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য অশুদ্ধ

(ঙ) যুক্তি- 'ও অবাক হয়ে দেখল যে ওর জালে যে বালি উঠেছে তাতে সোনার কণা'। 1

মন্তব্য- পুর্তিমুন্তা যেখানেই হাত দেয় তা সোনা হয়ে যায়।

(i) যুক্তি শুদ্ধ ও মন্তব্য শুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি শুদ্ধ ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য শুদ্ধ

8 পরবর্তী লাইনটি খুঁজে ঠিক(✓) চিহ্ন দিন। 1×5=5

(ক) শিয়রে দাঁড়িয়ে থাবা তুলে আছে। 1

(i) গলিত নখ এরাত্রি।

(B) পাছে কোন মদমত্ত হাতির পায়ে।

(খ) জানি তারও পথ দিয়ে বয়ে যাবে কাল। 1

(i) কোথায় ভাসায়ে দেবে সাম্রাজ্যের দেশ বেড়াজাল।

(ii) জ্যোতিষ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না।

(গ) যদি তুমি ফসল ফলাতে না জানো। 1

(i) যদি তুমি বৃষ্টি আনার মন্ত্র ভুলে যাও।

(ii) মাটি তো আগুনের মতো হবেই।

(ঘ) এসেছে নতুন শিশু তাকে ছেড়ে দিতে হবে স্থান। 1

(i) প্রাণপনে পৃথিবীর সরাব সেগুলি

(ii) জীর্ণ পৃথিবীতে ব্যর্থতার মৃত ধ্বংসস্তূপের পিঠে।

(ঙ) এসে দাঁড়াও ভেসে দাঁড়াও, ভালোবেসে দাঁড়াও। 1

(i) মানুষ বড় কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও।

(ii) মানুষ বড় একলা তুমি তাহার পাশে দাঁড়াও।

9 প্রবন্ধ থেকে গৃহীত সম্ভাব্য উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে নিন। 1×4=4

(ক) 'মিলনের কথা' প্রবন্ধে রহিম শেখ ও হরি মন্ডলের মধ্যে কোন বিষয়ে অমিল খুঁজে পাওয়া যায় ? 1

(i) দারিদ্রে

(ii) আহারে

(iii) সুসময়ে ভালো খাওয়াদাওয়া করে

(iv) পেশাতে

(খ) আর্যপূর্ব ও আর্য মিলে হয়- 1

(i) প্রাচীন হিন্দু (ii) হিন্দুস্থানী

(iii) হিন্দু (iv) মুসলমান

(গ) আমাদের পাঁচ হাজার বছরের সংস্কৃতি কয় যুগ অতিক্রম করে এসেছে ? 1

(i) তিন (ii) চার

(iii) পাঁচ (iv) ছয়

(ঘ) হিন্দু ও মুসলমানের দুটি বড় উৎসব আছে একটি দুর্গোৎসব; আরেকটি- 1

(i) ঈদ (ii) যীশুর জন্মদিন পালন

(iii) রাস উৎসব (iv) দোল উৎসব

## বিভাগ - 'গ'

10 প্রতিটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন। 2×6=12

(ক) রমজান বলতে কি বোঝায়? 2

(খ) তীরন্দাজীর পরীক্ষায় আদিবাসীদের পক্ষ থেকে কি পুরস্কার দেওয়া হয় ? 2

(গ) 'ছোঁওয়াছুয়ি মন্ত্রতন্ত্র'- এর মূল নাটকের নাম কি? 2

(ঘ) 'হাতে খড়ি' এর আক্ষরিক অর্থ কি ? 2

(ঙ) শোনপাংশুরা কি কি চাষ করে ? 2

(চ) মহেঞ্জোদারো ও হরপ্পা কোথায় অবস্থিত ? 2

11 সন্ধিবদ্ধ পদ দিয়ে নতুন বাক্য রচনা করুন:(যেকোন পাঁচটি) 2×5=10

(ক) বাক্ + ঈশ 2

(খ) মরু + উদ্যান 2

(গ) রবি + ইন্দ্র 2

(ঘ) শারদ + উৎসব 2

(ঙ) অতি + ইত 2

(চ) নিঃ + রব 2

12 (ক) বাংলা বর্ণমালাকে কয়ভাগে ভাগ করা যায় ও কি কি? উভয় বর্ণমালার দুটি করে বৈশিষ্ট্য লিখুন। 4+4=8

**অথবা**

(খ) সাধু ভাষা কাকে বলে? সাধু ও চলিত ভাষার পার্থক্য লিখুন। 4+4=8

13 এককথায় প্রকাশ করে বাক্য রচনা করুন। (যেকোন চারটি) 2×4=8

(ক) সদলে এসে শষ্য নষ্ট করে যারা। 1

(খ) ইটের গৃহ নির্মাণ করে যারা। 1

(গ) যার শত্রু জন্মেনি। 1

(ঘ) মৃত্যুকালে যে ঘাম হয়। 1

(ঙ) যা বচনে প্রকাশ করা যায় না। 1

14 নিচের অংশটি পড়ে বিষয়বস্তু সংক্ষেপে লিখুন। 6×1=6

'আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাওয়ার নেশায় লক্ষহীন প্রচন্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়ত লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে; যেখান থেকে আর হয়ত নামার উপায় নেই; এবার ওঠার সিঁড়িটা না খুঁজলেই নয়'।

15 নিচের যেকোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন: 6×1=6

(a) বিজ্ঞান ও কুসংস্কার: 6

(ভূমিকা-বিজ্ঞানমনস্কতা-কুসংস্কার-বিভিন্ন কুসংস্কার-উপসংহার)

(b) ছাত্রজীবনে শৃঙ্খলা: 6

(ভূমিকা-প্রকৃতিতে শৃঙ্খলা-ছাত্রজীবনে শৃঙ্খলাবোধ-সমাজ ও জাতীয় জীবনে শৃঙ্খলা-উপসংহার)

(c) বাংলার ঋতুবৈচিত্র্য: 6

(ভূমিকা-বিভিন্ন কালের ঋতু-ঋতুচক্রের প্রভাব -উপসংহার)

(d) একটি ভ্রমণের অভিজ্ঞতা: 6

(ভূমিকা-ভ্রমণের গুরুত্ব -প্রস্তুতি -উপসংহার)